গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, স্রেডা

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ - এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ – ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

উপক্রমণিকা **(Preamble)**

অধ্যায়-১ : স্রেডা'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategies Objectives) এবং কার্যাবলী (Functions)

অধ্যায় -২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১ : শব্দ- সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২ : কর্মসম্পাদন সুচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা

স্রেডার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of SREDA)

সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ

নবায়নযোগ্য জ্বালানির প্রসার ও জ্বালানি সাশ্রয়ের মাধ্যমে প্রচলিত জ্বালানির উপর নির্ভরতা কমানোসহ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কার্বন নিঃসরণ হ্রাস করার লক্ষ্যে সরকার টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) গঠন করেছে। বাংলাদেশের মহান জাতীয় সংসদে ২০১২ সনের ৪৮নং আইন এর মাধ্যমে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) গঠিত হয় যা ২২ মে ২০১৪ থেকে কার্যক্রম শুরু করে। এই স্বল্প সময়ে স্রেডার বেশ কিছু অর্জন রয়েছে।
বর্তমানে নবায়নযোগ্য জ্বালানি উৎস থেকে উৎপাদিত মোট বিদ্যুতের পরিমাণ ৪৩৩ মেঃওঃ । অফ- গ্রীড এলাকায় ১৬৩ মেঃওঃ উৎপাদন ক্ষমতাসম্পন্ন ৪.৫ মিলিয়নের বেশী সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে। সরকারি/আধা- সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ছাদে স্থাপিত সোলার রুফ টপ সিস্টেম থেকে ৫ মেঃওঃ এর বেশি বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। ৭টি সোলার মিনি গ্রীড এবং ২ টি ন্যানো গ্রীড এবং ৩৬৬ টি সৌর চালিত সেচ পাম্প স্থাপন করা হয়েছে। ২টি বায়ুশক্তি চালিত পাওয়ার প্ল্যান্ট থেকে ২ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। ৮০,০০০ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং বায়োগ্যাস থেকে ৫ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন ৩০০ টি বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপন করা হয়েছে। JICA এর সহায়তায় "Energy Efficiency and Conservation Master Plan upto 2030" প্রণয়ন করা হয়েছে। জ্বালানি দক্ষতা ও জ্বালানি সংরক্ষণ সংক্রান্ত পদক্ষেপসমূহকে সহায়তা প্রদানের লক্ষ্যে "Energy Efficiency and Conservation Promotion Financing Project" তৈরি করা হয়েছে। ১০.৫ লক্ষ জ্বালানিদক্ষ সিএফএল বাল্ব বিতরণ এবং এলইডি বাল্বের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্রেডা কর্তৃক একটি প্রজেক্ট প্রস্তুত করা হয়েছে। সিএফএল বাল্ব, ব্যালাস্ট, বৈদ্যুতিক ফ্যান এবং রেফ্রিজারেটরের জন্য Energy Star Rating এর কাজ শুরু হয়েছে। পাঠ্যক্রমে নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০ টি গার্মেন্টস ইন্ডাস্ট্রিতে Energy Audit পরিচালনা করা হয়েছে। ৩০ মিলিয়ন সাধারণ চুলাকে উন্নত চুলায় রূপান্তর করার লক্ষ্যে Country Action Plan for Improved Cook Stove প্রস্তুত ও ২ মিলিয়ন উন্নত চুলা বিতরণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন বিষয় হওয়াতে জনসচেতনতা বৃদ্ধি স্রেডার জন্য একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া নতুন প্রতিষ্ঠান হওয়াতে দক্ষ জনবল সৃষ্টি, তাদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা, বেসরকারী বিনিয়োগকারীদের এধরণের নতুন সেক্টরে আগ্রহী করা এবং ব্যবসার উপযুক্ত পরিবেশ তৈরী করার পাশাপাশি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে সবাইকে আগ্রহী করে তোলা স্রেডার জন্য একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

২০২১ সালের মধ্যে সৌরশক্তি থেকে ১৭৪০ মেঃওঃ, বায়ুশক্তি থেকে ১৩৭০ মেঃওঃ, বায়োমাস থেকে ৪৭ মেঃওঃ, বায়োগ্যাস থেকে ৭ মেঃওঃ এবং পানিশক্তি থেকে ৪ মেঃওঃ সহ মোট ৩১৬৮ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন; সোলার বোটিং পাইলটিং কার্যক্রম পরিচালনা; বায়োমাস রিসোর্স ম্যাপিং কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ; "স্টাডি অন গ্রিড ইন্টিগ্রেশন অব রিনিউয়েবল এনার্জি" সম্পাদনের উদ্যোগ গ্রহণ; বিদ্যুৎ সাশ্রয়ী সরঞ্জামাদি চিনতে যন্ত্রপাতির গায়ে Energy Star লেবেল সন্নিবেশকরণ; সোলার প্যানেলসহ সোলার সিস্টেমের অন্যান্য যন্ত্রাংশের মানমাত্রা নিয়ন্ত্রণের লক্ষ্যে টেস্টিং ল্যাবরেটরী স্থাপনের কার্যক্রম গ্রহণ; এলইডি লাইটের মানমাত্রা প্রণয়ন; হাউসহোল্ড এনার্জি প্ল্যাটফর্ম এর কার্যক্রম শুরু এবং এনার্জি অডিটিং নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন।

২০১৬- ২০১৭ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ১২ টি স্কুলে জ্বালানি সাশ্রয়ে সচেতনতামূলক স্কুলিং প্রোগ্রাম প্রবর্তন
- সোলার পার্ক থেকে ৩ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন
- সারাদেশে ৩০০ বায়োগ্যাস প্লান্ট স্থাপন

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ সম্মত হলেন:

অধ্যায়-১

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategies Objectives) এবং কার্যাবলী (Functions)

১.১ রূপকল্প (Vision)

একটি জ্বালানি সচেতন জাতি

১.২ অভিলক্ষ্য (Mission)

জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা কমিয়ে নবায়নযোগ্য জ্বালানির উপর জোর প্রদান, সম্ভাবনাময় টেকসই জ্বালানি ক্রমাগত অনুসন্ধান এবং জ্বালানি সাশ্রয় ও সংরক্ষণে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategies Objectives)

১.৩.১ স্রেডা'র কৌশলগত উদ্দেশ্যসমূহ -

- নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন
- জ্বালানি সাশ্রয় ও সংরক্ষণ কার্যক্রম জোরদারকরণ
- জ্বালানি সাশ্রয়, সংরক্ষণ ও নবায়নযোগ্য জ্বালানি সম্পর্কিত বিষয়াদি যুগোপযোগিকরণ
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

১.৩.২ স্রেডা'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ –

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
- দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
- কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
- কর্ম পরিবেশ উন্নয়ন
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলী (Functions)

- টেকসই জ্বালানি ব্যবহার প্রসারের জন্য উদ্যোগ গ্রহণ
- সরকারের নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি কার্যকারিতা সম্পর্কিত বিষয়গুলো সমন্বয়
- নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বৃদ্ধির জন্য সচেতনতামূলক কর্মকান্ড গ্রহণ
- নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ সংশ্লিষ্ট পণ্যসমূহ মানোপযোগীকরণ
- নতুন নতুন প্রযুক্তি পরীক্ষামূলকভাবে ব্যবহার এবং এর সম্প্রসারণের জন্য উদ্যোগ গ্রহণ
- বিনিয়োগকারীদের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি
- নবায়নযোগ্য জ্বালানি এবং জ্বালানি দক্ষতার উপর গবেষণা এবং উন্নয়ন
- স্রেডার সক্ষমতা উন্নয়ন
- সমধর্মী আঞ্চলিক এবং আন্তর্জাতিক সংস্থার সংগে সম্পর্ক প্রতিষ্ঠা

সেকশন - ২

স্রেডা'র কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	ভিত্তি বছর ২০১৩-১৪ পর্যন্ত	প্রকৃত ২০১৬-১৭	লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৮-১৯	২০১৯-২০		
নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন বৃদ্ধি	নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদিত বিদ্যুৎ	মেগাওয়াট	২৩০	১০	২০	১২০	২২৫	* স্রেডা * বিদ্যুৎ বিভাগ * সকল (১১ টি) বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ ইউটিলিটি * সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান * ইডকল * পরিকল্পনা কমিশন * অর্থ বিভাগ	
জ্বালানি সাশ্রয় ও সংরক্ষণ কার্যক্রম সম্প্রসারণ	সাশ্রয়কৃত জ্বালানি	%	-	১.০%	২.০%	৪.০%	৭.০%	* স্রেডা * বিদ্যুৎ বিভাগ * বিদ্যুৎ বিভাগের সকল (১৩ টি) ইউটিলিটি * সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান	